2025/FYUG/ODD/SEM/
BNGDSC-302T/030

FYUG Odd Semester Exam., 2025

BENGALI

(5th Semester)

Course No. : BNGDSC-302T

(বাংলা জীবনী ও আত্মকথা)

পূর্ণমান : ৭০
উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

একক—১

১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) বাংলায় লেখা যে কোনো দুটি জীবনীগ্রন্থের নাম লেখো।

(খ) দুটি স্মৃতিকথা গ্রন্থের নাম লেখো।

(গ) ডায়েরির দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) জীবনী এবং আত্মজীবনীর মধ্যে তুলনামূলক আলোচনা করো।

(খ) জীবনী কাকে বলে? জীবনীর কয়েকটি বৈশিষ্ট্য আলোচনা করো।

Scanned with OKEN Scanner

একক—২

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'অজানা অচেনা বিবেকানন্দ' গ্রন্থটি কবে প্রকাশিত হয়? গ্রন্থটি লেখক কাকে উৎসর্গ করেছেন?

(খ) বিবেকানন্দের পিতা ও মাতার নাম কী?

(গ) বিবেকানন্দের আসল নাম কী? তাঁর নঠাকুরদাদা, গোপাল দত্ত বিবেকানন্দকে কী বলে ডাকতেন?

৪। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) স্বামী বিবেকানন্দের জীবনে মাতা ভুবনেশ্বরী দেবীর ভূমিকা সংক্ষেপে আলোচনা করো।

(খ) 'সন্ন্যাসী ও গর্ভধারিণী' অংশে উল্লিখিত বিবেকানন্দের কঠোর জীবনসংগ্রামের কাহিনিটি সংক্ষেপে লিপিবদ্ধ করো।

একক—৩

৫। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'আশার ছলনে ভুলি' গ্রন্থটি লেখক কাদের উৎসর্গ করেছেন?

(খ) মাইকেল মধুসূদনের লেখা দুটি নাটকের নাম লেখো।

(গ) গোলাম মুরশিদের গ্রন্থে উল্লিখিত যে কোনো দুজন মাইকেল জীবনীকারের নাম উল্লেখ করো।

Scanned with OKEN Scanner

১০

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

(ক) 'জননীর ক্রোড়ে নীড়ে' অংশে বর্ণিত মধুসূদন দত্তের শৈশব জীবনে মাতা-পিতার ভূমিকা সংক্ষেপে আলোচনা করো।

(খ) 'আশার ছলনে ভুলি' গ্রন্থের 'জননীর ক্রোড়ে নীড়ে' পাঠ্যাংশ অবলম্বনে মধুসূদনের শিক্ষাজীবন সম্পর্কে আলোচনা করো।

একক—৪

২×২=৪

৭। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

(ক) রাসসুন্দরী দাসীর জন্ম কবে ও কোথায় হয়েছিল ?

(খ) 'আমার জীবন' গ্রন্থটির প্রকাশকাল কত? এই গ্রন্থের ভূমিকা অংশটি কে লিখে দিয়েছিলেন ?

(গ) 'আমার জীবন' গ্রন্থটির কয়টি ভাগ ? প্রথম ভাগে কয়টি রচনা রয়েছে ?

৮। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'আমার জীবন' আত্মজীবনী গ্রন্থে প্রতিফলিত তৎকালীন সমাজের বাস্তবচিত্র সংক্ষেপে লিপিবদ্ধ করো।

(খ) আত্মজীবনী হিসাবে 'আমার জীবন' গ্রন্থের সার্থকতা আলোচনা করো।

Scanned with OKEN Scanner

একক—৫

৯। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) পণ্ডিত শিবনাথ শাস্ত্রীর লেখা আত্মজীবনী গ্রন্থটির নাম কী? এর প্রথম প্রকাশকাল উল্লেখ করো।

(খ) শিবনাথ শাস্ত্রীর জন্মসাল কত? তাঁর একজন ব্রাহ্মবন্ধুর নাম উল্লেখ করো।

(গ) শিবনাথ শাস্ত্রীর লেখা যে কোনো দুটি গ্রন্থের নাম লেখো ('আত্মচরিত' ব্যতীত)।

১০। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) উনিশ শতকে নারী শিক্ষা প্রসারে শিবনাথ শাস্ত্রীর অবদান আলোচনা করো।

(খ) শিবনাথ শাস্ত্রীর আত্মজীবনী গ্রন্থটি একাধারে সাহিত্য ও ঐতিহাসিক দলিল—মন্তব্যটি পর্যালোচনা করো।

★★★

Scanned with OKEN Scanner

2025/FYUG/ODD/SEM/
BNGDSC-302T/030

FYUG Odd Semester Exam., 2025

BENGALI

(5th Semester)

Course No. : BNGDSC-302T

(বাংলা জীবনী ও আত্মকথা)

পূর্ণমান : ৭০
উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

একক—১

১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) বাংলায় লেখা যে কোনো দুটি জীবনীগ্রন্থের নাম লেখো।

(খ) দুটি স্মৃতিকথা গ্রন্থের নাম লেখো।

(গ) ডায়েরির দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) জীবনী এবং আত্মজীবনীর মধ্যে তুলনামূলক আলোচনা করো।

(খ) জীবনী কাকে বলে? জীবনীর কয়েকটি বৈশিষ্ট্য আলোচনা করো।

Scanned with OKEN Scanner

একক—২

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'অজানা অচেনা বিবেকানন্দ' গ্রন্থটি কবে প্রকাশিত হয়? গ্রন্থটি লেখক কাকে উৎসর্গ করেছেন?

(খ) বিবেকানন্দের পিতা ও মাতার নাম কী?

(গ) বিবেকানন্দের আসল নাম কী? তাঁর নঠাকুরদাদা, গোপাল দত্ত বিবেকানন্দকে কী বলে ডাকতেন?

৪। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) স্বামী বিবেকানন্দের জীবনে মাতা ভুবনেশ্বরী দেবীর ভূমিকা সংক্ষেপে আলোচনা করো।

(খ) 'সন্ন্যাসী ও গর্ভধারিণী' অংশে উল্লিখিত বিবেকানন্দের কঠোর জীবনসংগ্রামের কাহিনিটি সংক্ষেপে লিপিবদ্ধ করো।

একক—৩

৫। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'আশার ছলনে ভুলি' গ্রন্থটি লেখক কাদের উৎসর্গ করেছেন?

(খ) মাইকেল মধুসূদনের লেখা দুটি নাটকের নাম লেখো।

(গ) গোলাম মুরশিদের গ্রন্থে উল্লিখিত যে কোনো দুজন মাইকেল জীবনীকারের নাম উল্লেখ করো।

Scanned with OKEN Scanner

১০

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

(ক) 'জননীর ক্রোড়ে নীড়ে' অংশে বর্ণিত মধুসূদন দত্তের শৈশব জীবনে মাতা-পিতার ভূমিকা সংক্ষেপে আলোচনা করো।

(খ) 'আশার ছলনে ভুলি' গ্রন্থের 'জননীর ক্রোড়ে নীড়ে' পাঠ্যাংশ অবলম্বনে মধুসূদনের শিক্ষাজীবন সম্পর্কে আলোচনা করো।

একক—৪

২×২=৪

৭। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

(ক) রাসসুন্দরী দাসীর জন্ম কবে ও কোথায় হয়েছিল ?

(খ) 'আমার জীবন' গ্রন্থটির প্রকাশকাল কত? এই গ্রন্থের ভূমিকা অংশটি কে লিখে দিয়েছিলেন ?

(গ) 'আমার জীবন' গ্রন্থটির কয়টি ভাগ ? প্রথম ভাগে কয়টি রচনা রয়েছে ?

৮। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'আমার জীবন' আত্মজীবনী গ্রন্থে প্রতিফলিত তৎকালীন সমাজের বাস্তবচিত্র সংক্ষেপে লিপিবদ্ধ করো।

(খ) আত্মজীবনী হিসাবে 'আমার জীবন' গ্রন্থের সার্থকতা আলোচনা করো।

Scanned with OKEN Scanner

একক—৫

৯। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) পণ্ডিত শিবনাথ শাস্ত্রীর লেখা আত্মজীবনী গ্রন্থটির নাম কী? এর প্রথম প্রকাশকাল উল্লেখ করো।

(খ) শিবনাথ শাস্ত্রীর জন্মসাল কত? তাঁর একজন ব্রাহ্মবন্ধুর নাম উল্লেখ করো।

(গ) শিবনাথ শাস্ত্রীর লেখা যে কোনো দুটি গ্রন্থের নাম লেখো ('আত্মচরিত' ব্যতীত)।

১০। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) উনিশ শতকে নারী শিক্ষা প্রসারে শিবনাথ শাস্ত্রীর অবদান আলোচনা করো।

(খ) শিবনাথ শাস্ত্রীর আত্মজীবনী গ্রন্থটি একাধারে সাহিত্য ও ঐতিহাসিক দলিল—মন্তব্যটি পর্যালোচনা করো।

★★★

Scanned with OKEN Scanner

2025/FYUG/ODD/SEM/
BNGDSC-301T/029

FYUG Odd Semester Exam., 2025

BENGALI

(5th Semester)

Course No. : BNGDSC-301T

(রবীন্দ্র সাহিত্য)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

একক—১

১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'পুনশ্চ' কাব্য কত সালে প্রকাশিত হয়? এই গ্রন্থ কাকে উৎসর্গ করা হয়েছে?

(খ) 'পুনশ্চ' কাব্যের কোন্ কবিতায় অম্বিকে মাস্টারের উল্লেখ আছে? সিধু গয়লানি কে?

(গ) 'পুনশ্চ' ছাড়া রবীন্দ্রনাথ ঠাকুরের যে কোনো দুটি কাব্যগ্রন্থের নাম লেখো।

২। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) "ছেলেমানুষের জগৎটা বড়োদের চেয়ে ছোটো এ কথা বলাই চলে না, বড়ো জোর বলতে পারি সেটা আলাদা।" কবির এই মন্তব্য অনুসরণে 'ছেলেটা' কবিতাটির ভাববস্তু বিশ্লেষণ করে বুঝিয়ে দাও।

Scanned with OKEN Scanner

(খ) 'পুনশ্চ' কাব্যের ভূমিকায় কবি বলেছেন, ''অসংকুচিত গদ্যরীতিতে কাব্যের অধিকারকে অনেকদূর বাড়িয়ে দেওয়া সম্ভব এই আমার বিশ্বাস এবং সেইদিকে লক্ষ্য রেখে এই গ্রন্থে প্রকাশিত কবিতাগুলি লিখেছি।'' 'পুনশ্চ' কাব্যের গদ্যরীতির স্বাতন্ত্র্যের পরিচয় দাও।

একক—২

৩। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'শেষের কবিতা' উপন্যাসটি কত সালে, কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয়েছিল ?

(খ) ''ফ্যাশানটা হল মুখোশ, স্টাইলটা হল মুখশ্রী।'' এটি কার উক্তি ? সে কোন্ বিশ্ববিদ্যালয়ে পাঠগ্রহণ করেছিল ?

(গ) লাবণ্যর বাবার নাম কী ? তাঁর জীবিকা কী ছিল ?

৪। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'শেষের কবিতা' উপন্যাসের অমিত রায় চরিত্রটি আলোচনা করো।

(খ) '' 'শেষের কবিতা' শুধু রবীন্দ্র উপন্যাস ধারায় নয়, সমগ্র বাংলা সাহিত্যে বিভিন্ন দিক দিয়ে অভিনব।'' এই মন্তব্যের আলোকে 'শেষের কবিতা' উপন্যাসের নামকরণের সার্থকতা প্রতিপন্ন করো।

একক—৩

৫। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'রাজা' নাটক কত সালে প্রথম প্রকাশিত হয় ? এই নাটকের অভিনয়যোগ্য সংক্ষিপ্ত সংস্করণের নাম কী ?

Scanned with OKEN Scanner

(খ) রবীন্দ্রনাথ ঠাকুর 'রাজা' নাটকটি বৌদ্ধ আখ্যানের কোন্ কাহিনি অবলম্বনে রচনা করেছিলেন? এই নাটকের কবিকৃত ইংরেজি অনুবাদের নাম লেখো।

(গ) ''তখন দেখি যত ভয়ানক ততই সুন্দর।
বেঁচে গেলুম, বেঁচে গেলুম, জন্মের মতো বেঁচে গেলুম।'' এই উক্তিটি কে, কাকে বলেছেন?

৬। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) ''রাজাকে পাইতে হইলে সকল অহংকার ও অভিমান ত্যাগ করিয়া দীনবেশে পথের ধূলায় নামিতে হইবে,— বিলাসে, আরামে তাঁহাকে লাভ করা যায় না। তাঁহাকে তপস্যার দ্বারা দুঃখের দ্বারা জয় করিয়া পাইতে হইবে।'' এই মন্তব্যের নিরিখে 'রাজা' নাটকের রানী সুদর্শনার চরিত্র আলোচনা করো।

(খ) 'রূপক সাংকেতিক' নাটক হিসেবে 'রাজা' নাটকটির সার্থকতা বিশ্লেষণ করো।

একক—৪

৭। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'ছিন্নপত্র'-এ সংকলিত ১নং পত্রটি রবীন্দ্রনাথ ঠাকুর কত খ্রিস্টাব্দে, কোথায় লিখেছিলেন?

(খ) 'ছিন্নপত্র' গ্রন্থাকারে কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল? এই গ্রন্থের ১০ নং পত্রে উল্লিখিত কবিগুরুদের বোট কোথায় লাগানো ছিল?

(গ) ''গান তার পূর্বে তেমন মিষ্টি কখনো শুনিনি।'' 'ছিন্নপত্র'-এর ৩৬ নং পত্রে উল্লিখিত এই মন্তব্যটি রবীন্দ্রনাথ ঠাকুর কার গান, কখন শুনে করেছিলেন?

Scanned with OKEN Scanner

৮। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) পত্রসাহিত্য হিসেবে 'ছিন্নপত্র'-এর সার্থকতা প্রতিপন্ন করো।

(খ) "'ছিন্নপত্র' গ্রন্থে সংকলিত পত্রগুলিতে রবীন্দ্রনাথ ঠাকুরের বিশ্ববোধের গভীরতা, প্রকৃতিপ্রেম ও দার্শনিক মনের পরিচয় পাওয়া যায়।" এই মন্তব্যের আলোকে ১ নং পত্রের মূল ভাবনা তোমার নিজের ভাষায় লেখো।

একক—৫

৯। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'আধুনিক সাহিত্য' গ্রন্থের বিহারীলাল প্রবন্ধটি কত সালে, কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল?

(খ) বঙ্কিমচন্দ্র সম্পাদিত সাময়িক পত্রের নাম কী? সাময়িক পত্রটি কত সালে প্রথম প্রকাশিত হয়েছিল?

(গ) "'সারদামঙ্গল' এক অপরূপ কাব্য।" 'সারদামঙ্গল' কাব্যের কবি কে? এটি কোন্ পত্রে প্রথম প্রকাশিত হয়েছিল?

১০। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'আধুনিক সাহিত্য' গ্রন্থের 'বঙ্কিমচন্দ্র' প্রবন্ধের মূল বক্তব্য বিষয় তোমার নিজের ভাষায় আলোচনা করো।

(খ) "সেই উষালোকে কেবল একটি ভোরের পাখি সুমিষ্ট সুন্দর সুরে গান ধরিয়াছিল। সে সুর তাহার নিজের।" এই মন্তব্যের আলোকে কবি বিহারীলাল সম্বন্ধে রবীন্দ্রনাথের ভাবনা বিশ্লেষণ করো।

★★★

Scanned with OKEN Scanner

2025/FYUG/ODD/SEM/
BNGDSM-301/302T(A/B)/032

FYUG Odd Semester Exam., 2025

BENGALI

(5th Semester)

Course No. : BNGDSM-301/302T

পূর্ণমান : ৭০
উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

Candidate have to answer *either* BNGDSM-301T *or* BNGDSM-302T

OPTION—A

Course No. : BNGDSM-301T

(রবীন্দ্র সাহিত্য)

UNIT—I

১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'পুনশ্চ' কাব্যগ্রন্থটি গ্রন্থাকারে কত সালে প্রকাশিত হয়? গ্রন্থটি কাকে উৎসর্গ করা হয়েছে?

(খ) 'ছেলেটা' কবিতায় ছেলেটার বয়স কত? তাকে কে ডেকে এনে দুধ খাওয়াতো?

(গ) 'হায়রে সামান্য মেয়ে'— এই সামান্য মেয়েটির নাম কী? তাকে অসামান্য করার জন্য কোন্ লেখককে অনুরোধ করা হয়েছে?

Scanned with OKEN Scanner

২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'ছেলেটা' কবিতায় এক অনাথ, অবহেলিত অথচ প্রাণশক্তিতে ভরপুর যে বালকের ছবি আঁকা হয়েছে তা তোমার নিজের ভাষায় বর্ণনা করো।

(খ) তোমার পঠিত 'ক্যামেলিয়া' কবিতাটির একটি রসগ্রাহী আলোচনা প্রস্তুত করো।

UNIT—II

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) কোন্ পত্রিকায়, কত সালে 'শেষের কবিতা' উপন্যাসটি ধারাবাহিকভাবে প্রকাশিত হয়েছিল?

(খ) ইংরেজ বন্ধু ও বন্ধুনীদের মুখে অমিতর নামের উচ্চারণ কী দাঁড়িয়েছিল? তার 'বাপ' কী ছিলেন?

(গ) অমিত ও লাবণ্যের প্রথম সাক্ষাৎ কোথায় হয়েছিল? অমিত তাকে কী বলে ডাকতো?

৪। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'শেষের কবিতা' উপন্যাসের বিষয় রোমান্টিক প্রেম—আলোচনা করো।

(খ) লাবণ্য চরিত্রের আবেগ-সংযম ও বুদ্ধির পরিচয়সহ চরিত্রটি বিশ্লেষণ করো।

Scanned with OKEN Scanner

UNIT—III

২×২=৪

৫। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

(ক) 'রাজা' নাটকের আখ্যানভাগ কোথা থেকে গৃহীত হয়েছে? এই নাটকের রাণীর নাম কী ছিল?

(খ) 'রাজা' নাটকের পটভূমিকায় একটি ঋতুর উৎসবের প্রসঙ্গ আছে। সে কোন্ ঋতু? 'আমরা সবাই রাজা আমাদের এই রাজার রাজত্বে'—গানটি কে গেয়েছেন?

(গ) ''তোমার মধ্যে আমার উপমা আছে।'' উক্তিটি কার? অন্ধকার ঘরের দাসীর নাম কী?

৬। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'রাজা' নাটকটিকে একটি সার্থক রূপক-সাঙ্কেতিক নাটক হিসেবে আখ্যায়িত করা যায় কী না, আলোচনা করো।

(খ) '' 'রাজা' নাটকে ঠাকুরদা রাজার প্রতিনিধি।'' মন্তব্যটি বিশদ করো।

UNIT—IV

৭। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

২×২=৪

(ক) 'ছিন্নপত্র'-এর ১-সংখ্যক পত্রটি কবে, কোথা থেকে লেখা হয়েছিল?

Scanned with OKEN Scanner

(খ) "বেটি ওপারে গেল, বেটি-লক্ষ্মী বেটি ফিরলেন—বলতে লাগল, 'তোমাদের নিয়ে আমি আর কখনো বেরোব না।'" ১০-সংখ্যক পত্রে উল্লিখিত এই 'বেটি-লক্ষ্মী' কে? বন্ধুর পুরো নাম কী?

(গ) 'ছিন্নপত্র'-এর ১০৬-সংখ্যক পত্রের প্রথমাংশে লিখিত হয়েছে—"আমার ঘরে ছুঁচোগুলি ঠোঁট ফুলিয়ে অভিমান করতে শিখেছে।" এই ছুঁচোগুলি লেখকের কে হয়? তার নাম কী ছিল?

১০

৮। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

(ক) পত্রসাহিত্য হিসেবে রবীন্দ্রনাথের 'ছিন্নপত্র'-এর গুরুত্ব ও বিশেষত্ব আলোচনা করো।

(খ) তোমার পঠিত 'ছিন্নপত্র'-এর অধিকাংশ পত্রে যে বিশোধিত পশ্চিমবাংলার যে অপরূপ রূপের পরিচয় পাওয়া যায় তার বর্ণনা দাও।

UNIT—V

২×২=৪

৯। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

(ক) "সাহিত্যের মধ্যে দুই শ্রেণির যোগী দেখা যায়, ধ্যানযোগী ও কর্মযোগী।" লেখকের মতে বঙ্কিমচন্দ্র কোন্ শ্রেণির যোগী ছিলেন? বঙ্কিমচন্দ্র সম্পাদিত পত্রিকাটির নাম কী ছিল?

(খ) ''তাঁহার প্রতিভার ঐশ্বর্য ছিল কিন্তু গৃহিণীপনা ছিল না।'' কার সম্পর্কে একথা বলা হয়েছে? তাঁর রচিত ভ্রমণ-কাহিনিটির নাম কী?

(গ) ''বঙ্কিমবাবু সেই ইতিহাস এবং মানব উভয়কেই একত্র করিয়া এই ঐতিহাসিক উপন্যাস রচনা করিয়াছেন।'' বঙ্কিমচন্দ্র রচিত ঐতিহাসিক উপন্যাসটির নাম কী? কোন্ 'বাদশাহজাদী' উপন্যাসের নায়ককে ভালোবাসতে চেয়েছিলেন?

১০

১০। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও :

(ক) ''সেই ঊষালোকে কেবল একটি ভোরের পাখি সুমিষ্ট সুন্দর সুরে গান ধরিয়াছিল।'' উক্তিটির আলোকে বাংলা গীতিকবিতার ধারায় বিহারীলাল চক্রবর্তীর অবদান বিষয়ে লেখক যে মূল্যায়ন করেছেন তার বর্ণনা দাও।

(খ) '' 'রাজসিংহ' প্রথম হইতে উলটাইয়া গেলে এই কথাটি বারংবার মনে হয় যে, কোনো ঘটনা, কোনো পরিচ্ছেদ কোথাও বসিয়া কালক্ষেপ করিতেছে না।'' 'রাজসিংহ' উপন্যাস সম্পর্কে লেখকের এই মন্তব্যটির যাথার্থ্যতা বিচার করো।

Scanned with OKEN Scanner

OPTION—B

Course No. : BNGDSM-302T

(উনিশ শতকের বাংলা কবিতা ও নাটক)

UNIT—I

২×২=৪

১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

(ক) 'মেঘনাদবধ কাব্য'-এর প্রথম সর্গে উল্লিখিত রাবণ পত্নীর নাম কী? তিনি কী কারণে রাবণকে ধিক্কার দিয়েছিলেন?

(খ) রাবণ মেঘনাদকে ইষ্টদেবতার পূজা করতে কোথায় যেতে বলেন? কার আক্রমণে যজ্ঞাগারের পবিত্রতা নষ্ট হয়?

(গ) 'মেঘনাদবধ কাব্য'-এ কয়টি সর্গ আছে? 'মেঘনাদবধ কাব্য'-এর অন্তিম সর্গটির নাম কী?

৮ ১০

২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

(ক) 'মেঘনাদবধ কাব্য'-এর প্রথম সর্গ অবলম্বনে রাবণের রাজসভার বর্ণনা দাও।

(খ) "'মেঘনাদবধ কাব্য'-এর রাবণ চরিত্রটি মধুসূদনের সর্বশ্রেষ্ঠ সৃষ্টিকর্ম হিসাবে পরিগণিত।" মন্তব্যটি আলোচনা করো।

৯

UNIT—II

২×২=৪

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

(ক) বিহারীলাল চক্রবর্তীর একটি কাব্যগ্রন্থের নাম লেখো। রবীন্দ্রনাথ ঠাকুর বিহারীলাল চক্রবর্তীকে কী নামে ভূষিত করেন?

26

(Continued)

Scanned with OKEN Scanner

(খ) অক্ষয়কুমার বড়ালের জন্ম কত খ্রিস্টাব্দে? তাঁর লেখা তোমাদের পাঠ্য কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত?

(গ) মানকুমারী বসুর দুটি কাব্যগ্রন্থের নাম লেখো।

৪। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'সুরবালা' কবিতাটিতে বিহারীলাল চক্রবর্তী উদাস সুররূপসীর যে বিবরণ দিয়েছেন তা আলোচনা করো।

(খ) দেবেন্দ্রনাথ সেনের 'অশোক তরু' কবিতাটির বিষয়বস্তু আলোচনা করো।

UNIT—III

৫। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) "ভরা পালে চলে যায়, কোনোদিকে নাহি চায়," —কোন্ কবিতা ও কাব্যগ্রন্থের অংশ?

(খ) "হেরি কাহার নয়ান,
—অশ্রু-আঁখি পড়েছিল মনে?"
উপরোক্ত অংশের শূন্যস্থান পূর্ণ করো। এটি কোন্ কবিতার অংশ?

(গ) খ্যাপার মাথায় কী ছিলো? সে কী খুঁজে ফিরছে?

৬। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও :

(ক) 'সোনার তরী' কাব্যগ্রন্থের 'সোনার তরী' কবিতার ভাববস্তু বিশ্লেষণ করো। ১০

(খ) " 'যেতে নাহি দিব' কবিতার মূল সুর জীবনের প্রতি আসক্তি এবং সুগভীর মর্ত্যপ্রীতি।" কবিতাটি বিশ্লেষণ করে মন্তব্যটির সত্যতা বিচার করো।

Scanned with OKEN Scanner

UNIT—IV

৭। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) মাইকেল মধুসূদন দত্তের জন্ম কবে ও কোথায় হয়েছিল ?

(খ) কৃষ্ণকুমারীর পিতার নাম কী ? তিনি কোন্ রাজ্যের রাজা ছিলেন ?

(গ) 'কৃষ্ণকুমারী' নাটকটির লেখক কে ? এই নাটকটি কয়টি অঙ্কে বিভক্ত ?

৮। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) ঐতিহাসিক ট্র্যাজেডি হিসাবে 'কৃষ্ণকুমারী' নাটকের সার্থকতা বিচার করো।

(খ) 'কৃষ্ণকুমারী' নাটকের যে কোনো একটি নারীচরিত্র নিয়ে আলোচনা করো।

UNIT—V

৯। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'সধবার একাদশী' কোন্ ধরনের নাটক ? এই নাটকটির নাট্যকারের নাম লেখা।

(খ) 'সধবার একাদশী' নাটকের কেন্দ্রীয় চরিত্র কে ? তার একজন 'ইয়ার'-এর নাম উল্লেখ করো।

(গ) 'সধবার একাদশী' নাটকের দুটি নারীচরিত্রের নাম লেখো।

১০। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'সধবার একাদশী' নাটকে বর্ণিত সমকালীন সমাজচিত্রের যে বিবরণ পাওয়া যায় তা আলোচনা করো।

(খ) 'সধবার একাদশী' নাটকের নিমচাঁদ চরিত্রটি আলোচনা করো।

★★★

Scanned with OKEN Scanner